দৈনিক জনকণ্ঠ

২৭/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা - ১৭ কলাম ৬ ......

জাতীয় নির্বাচনের আগে আর সচল হচ্ছে না

# ঢাঃবিঃ ক্যাম্পাস আগামী সপ্তাহ থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে যেতে পারে

**মুহাম্মদ যাকারিয়া** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় আগামী সপ্তাহ থেকে অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে যেতে পারে। চলতি সপ্তাহের বাকী কয়টি দিনে ক্যাম্পাসে বিরাজমান অচলাবস্থা নিরসনে ছাত্রদলের বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আলোচনার কোন অগ্রগতি না হলে এ সিদ্ধান্ত নেয়া হবে বলে একাধিক সূত্র জানিয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির পদত্যাগসহ চার দফা দাবীতে ছাত্রদলের লাগাতার ধর্মঘটের ফলে গত দেড়মাস যাবত বিশ্ববিদ্যালয় অচল রয়েছে। এখন আর কোন আলোচনার সম্ভাবনাও নেই। কর্তৃপক্ষ তাই বাধ্য হয়ে বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার সিদ্ধান্ত নিতে যাচ্ছে বলে সূত্র জানায়। ফলে আগামী জাতীয় নির্বাচনের আগে ঢাকা বিশ্ববিদ্যালয় আর সচল হচ্ছে না।